

ফাতওয়া নাম্বার: ৪৪৬

প্রকাশকাল: ১৭-০২-২০২৪ ইং

## ছেলেদের জন্য হাতে মেহেদি দেয়ার বিধান

প্রশ্নঃ

ছেলেদের জন্য হাতে মেহেদি দেয়ার হুকুম কী? মেহেদি দিলে কি নামায হবে?

-আবদুল হাদী

উত্তরঃ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

حامدا ومصليا ومسلما

ছেলেদের জন্য হাতে মেহেদি দেয়া নাজায়েয। এটা মহিলাদের সাদৃশ্য অবলম্বন, যা শরীয়তে নিষিদ্ধ এবং লানতযোগ্য কাজ। হাদীসে এসেছে,  
عن ابن عباس رضي الله عنهما قال: لعن رسول الله صلى الله عليه وسلم  
المتشبهين من الرجال بالنساء والمتشبهات من النساء بالرجال. -صحيح  
البخاري: ৫৮৮৫, ط. دار طوق النجاة .

“হযরত ইবনে আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নারীদের সাদৃশ্য অবলম্বনকারী পুরুষ এবং পুরুষদের সাদৃশ্য অবলম্বনকারী নারীদেরকে লানত করেছেন।” -সহীহ বুখারী: ৫৮৮৫

আরও দেখুন রদ্দুল মুহতার: ৬/৪২২

তবে নাজায়েয হলেও মেহেদির রং চামড়ায় পানি পৌঁছানোর ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করে না বিধায় অযু-গোসল সহীহ হয়ে যাবে। নামাযে কোনো সমস্যা হবে না।-রদ্দুল মুহতার: ১/১৫৪

আরও দেখুন ফতোয়া নং ২৬৪ : [কলপ লাগালে অযু-গোসলে কোনো সমস্যা হবে?](#)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)



০৭-০৭-১৪৪৫ হি.

২০-০১-২০২৪ ঈ.